

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২২৪

আগরতলা, ৩ মে, ২০২৪

স্বামী বিবেকানন্দ ময়দানে  
দু'দিনব্যাপী গড়িয়া উৎসবের সূচনা

তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং পানতুই স্পোর্টিং সোসাইটির উদ্যোগে আজ স্বামী বিবেকানন্দ ময়দানে দু'দিনব্যাপী গড়িয়া উৎসব, ট্র্যাডিশনাল ফুড এবং বর্ষবরণ উৎসবের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন ট্রাইবেল রিসার্চ অ্যান্ড কালচারাল ইনস্টিটিউটের অধিকর্তা আনন্দহরি জমাতিয়া। এছাড়া উপস্থিত ছিলেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিশ্বিসার ভট্টাচার্য, পানতুই স্পোর্টিং সোসাইটির সভাপতি সুভাষ দেববর্মা ও সম্পাদক চিরকুমার দেববর্মা। অনুষ্ঠানে অতিথিগণ রাজ্যের কৃষ্টি ও সংস্কৃতিকে আগামী প্রজন্মের কাছে আরও ব্যাপকভাবে ছড়িয়ে দিতে সকলের সহযোগিতা কামনা করেন। অতিথিগণ আশা প্রকাশ করেন যুবসমাজকে বিপথগামী হওয়া থেকে রুখতে নিজস্ব কৃষ্টি ও সংস্কৃতি এক বিরাট ভূমিকা পালন করতে পারে। অনুষ্ঠান উপলক্ষে বিভিন্ন স্বসহায়ক দলের পক্ষ থেকে ট্র্যাডিশনাল ফুডের স্টল খোলা হয়।

\*\*\*\*\*